দৈনিক সংবাদ

27

তারিখ 05 OCT 1996
পৃষ্ঠা 2 কলাম ৫

# বিশ্ব শিক্ষক দিবস আজ

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ ৫ই অক্টোবর শনিবার বিশ্ব শিক্ষক দিবস। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালন করা হবে। ১৯৬৬ সালের ৫ই অক্টোবর প্যারিসে অনুষ্ঠিত আন্তঃ-সরকার সম্মেলনে ইউনেস্কো ও আইএলও প্রণীত শিক্ষকের মর্যাদা শীর্ষক সুপারিশ অনুমোদিত হয়। এই সুপারিশসমূহ বাস্তবায়নের দাবি নিয়ে প্রতি বছর ৫ই অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস পালন করা হয়।

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে শিক্ষক সমিতি ফেডারেশনের উদ্যোগে আজ শনিবার সকাল ১১টায় জাতীয় প্রেসক্লাবের সামনে থেকে শিক্ষকদের একটি শোভাযাত্রা বের হবে।

বাংলাদেশ সহকারি শিক্ষক সমিতি বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে গতকাল শুক্রবার নতুন পল্টন লাইনে এক আলোচনা সভার আয়োজনকরে।

সভায় হাবিবুর রহমানের সভাপতিত্বে আলোচনা করেন প্রদীপ চক্রবর্তী, আবদুল কুদ্দুস, মনি হালদার, আজিজুর রহমান, জয়নুল আবেদিন ও মাজেদ তালুকদার।

সভায় বক্তারা ইউনেস্কো প্রণীত নীতিমালা বাস্তবায়নের আহ্বান জানান। তারা শিক্ষকদের ১৫ দফা দাবি মেনে নেয়ার আহ্বান জানান।